

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা শুরু হবে ৪ নভেম্বর। চলবে ৬ নভেম্বর পর্যন্ত। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কার্যালয় থেকে প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জনানো হয়। এ বছর ভর্তি পরীক্ষায় প্রতি আসনের বিপরীতে ২৭ জন ভর্তীচ্ছু পরীক্ষা দেবে বলে জানা গেছে।

জানা যায়, ইসলামী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ৪ থেকে ৬ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিদিন চার শিফটে পরীক্ষা হবে। প্রথম শিফট সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১০টা, দ্বিতীয় শিফট সকাল সাড়ে ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা, তৃতীয় শিফট দুপুর ২টা থেকে বিকেল ৩টা এবং চতুর্থ শিফট বিকেল ৪টা থেকে ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

পরীক্ষার প্রথম দিন ৪ নভেম্বর সোমবার প্রথম শিফটে থিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ অনুষদভুক্ত ‘এ’ ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ওই দিন দ্বিতীয় ও তৃতীয় শিফটে ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত ‘সি’ ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার দ্বিতীয় দিন ৫ নভেম্বর মঙ্গলবার চার শিফটে কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদভুক্ত ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ ছাড়া পরীক্ষার তৃতীয় দিন ৬ নভেম্বর বুধবার চার শিফটে বিজ্ঞান, জীব বিজ্ঞান এবং প্রকৌশল ও প্রযুক্তি অনুষদভুক্ত ‘ডি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এ বছর চারটি ইউনিটের অধীন আট অনুষদভুক্ত ৩৪ বিভাগের দুই হাজার ৩০৫ আসনে ৬১ হাজার ৯৪২ শিক্ষার্থী আবেদন করেছে। একটি আসনের বিপরীতে পরীক্ষা দেবে ২৭ শিক্ষার্থী।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

তারপ্রাণ সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ো, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com